

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩২২

৮. পবিত্ৰতা অৰ্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ মোজার উপর মাসেহ করা তখনই বৈধ, যখন সে মোজা ওয় করার পর পরিধান করা হবে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمَسْحَ عَلَى الْخُفَّيْنِ إِنَّمَا أُبِيحَ إِذَا أَدْخَلَ الْمَرْءُ رِجْلَيْهِ فِي الْخُفَّيْنِ وَهُوَ عَلَى طُهُورِ

আরবী

1322 _ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ بِخَبَرٍ غَرِيبٍ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى وَمُحَمَّدُ بْنُ رَافِعٍ قَالَا: حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ أَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ عَاصِمٍ عَنْ زِرِّ قَالَ: أَتَيْتُ وَمُحَمَّدُ بْنُ رَافِعٍ قَالَا: فَإِنِي صَفْوَانَ بْنَ عَسَّالِ الْمُرَادِيَّ فَقَالَ: مَا جَاءَ بِكَ؟ قُلْتُ: جِئْتُ أَنْبِطُ الْعِلْمَ قَالَ: فَإِنِي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم يقول: (مَا مِنْ خَارِجٍ يَخْرُجُ مِنْ بَيْتِهِ يَطْلُبُ الْعِلْمَ إِلَّا وَضَعَتْ لَهُ الْمَلَائِكَةُ أَجْنِحَتَهَا رِضًا بِمَا يَصِنْنَعُ) قَالَ: جَنْتُ أَسْأَلُكَ عَنِ الْمَسْحِ عَلَى الْخُفَيْنِ قَالَ: نَعَمْ كُنَّا فِي الْجَيْشِ الَّذِينَ بَعَتَهُمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَم عَلَى الْخُفَيْنِ قَالَ: نَعَمْ كُنَّا فِي الْجَيْشِ الَّذِينَ بَعَتَهُمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى الْخُفَيْنِ إِذَا نَحْنُ أَدْخَلْنَاهُمَا عَلَى طُهُورٍ ثَلَاتًا إِذَا سَافَرْنَا ولا فَا مِن غَلَى الْخُورُ ثَلَاتًا إِذَا سَافَرْنَا ولا نِحَالً مَن عَلَى الْمُعَامِمَا مِن غَلَطُ ولا بول)

الراوي: زِرِّ بْن حُبَيْشٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1322 | خلاصة حكم المحدث: حسن صحيح.

বাংলা

১৩২২. যির্র রহিমাহুল্লাহ বলেন, "একবার আমি সাফওয়ান বিন আস্পাল আল মুরাদী রাদ্বিয়াল্লাহু আনহুর কাছে আসি, তিনি আমাকে বলেন, "আপনাকে এখানে কীসে নিয়ে এসেছে?" আমি বললাম, "ইলম অম্বেষণের জন্য।" তিনি বলেন, "নিশ্চয়ই আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, "কোন ব্যক্তি ইলম অম্বেষনের জন্য বের হলে ফেরেস্তাগণ তাদের পাখা বিছিয়ে দেন, ইলম অম্বেষনকারী যা অম্বেষন করে, তার প্রতি সম্ভুষ্ট হয়ে।" আমি বললাম, "আমি মোজার উপর মাসেহ করার ব্যাপারে জিজ্ঞেস করার জন্য এসেছি।" জবাবে তিনি বলেন, "হাাঁ। আমরা সেই সেনাদলে ছিলাম, যাদেরকে তিনি পাঠিয়েছিলেন। তিনি আমাদেরকে



আদেশ করেছেন মোজার উপর মাসেহ করতে, যখন আমরা মোজা ওযূ অবস্থায় পরিধান করবো, তিনদিন মাসেহ করবো যখন আমরা মুসাফির থাকবো আর আমরা মোজা পেশাব ও পায়খানা করার কারণে খুলবো না।"[1]

ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৫৯; মুসনাদ শাফেঈ: ১/৩৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১৭৭; হুমাইদী: ৮৮১; মুসনাদ আহমাদ: ৪/২৩৯; নাসাঈ: ১/৮৩; ইবনু মাজাহ: ৪৭৮; শারহু মা'আনিল আসার: ১/৮২; সুনান বাইহাকী: ১/২৭৬; তাবারানী: ৭৩৫৩; সহীহ ইবনু খুয়াইমাহ: ১৭; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৬১; দারাকুতনী: ১/১৯৬; আত তায়ালিসী: ১১৬৬; তিরমিযী: ৯৬।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ১/৬২।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ যির ইবন হুবায়শ (রহঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন